



ইতিহাসবিদ ড. মুঈন উদ-দীন আহমদ খানের স্মরণসভায় চবি উপাচার্য ড. শিরীণ আখতারসহ অতিথিবৃন্দ

# ড. মুঈন উদ-দীন ছিলেন উঁচু মাপের গবেষক

প্রাক্তন ছাত্র-ছাত্রী সমিতি, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এর উদ্যোগে বিশ্ব বরেণ্য ইতিহাসবিদ প্রফেসর ড. মুঈন উদ-দীন আহমদ খানসহ মৃত্যুবরণকারী সমিতির পৃষ্ঠপোষক অ্যাডভোকেট নাছির উদ্দিন আহমেদ চৌধুরী, নির্বাহী সদস্য জিএম সরওয়ারুল আলম টুকু ও অন্যান্য জীবন সদস্যদের স্মরণ সভা ও দোয়া মাহফিল ৩১ মার্চ চট্টগ্রাম প্রেস ক্লাবের আবদুল খালেক মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. শিরীণ আখতার।

বিশেষ অতিথি ছিলেন সাউদার্ন ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলর প্রফেসর ইঞ্জিনিয়ার মোহাম্মদ মোজাম্মেল হক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের কলা ও মানববিদ্যা অনুষদের প্রাক্তন ডিন ও বাংলাদেশ স্টাডিজ বিভাগের সভাপতি প্রফেসর ড. মো. সেকান্দর চৌধুরী, রাজশাহী বিশ্ববিদ্যালয় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের প্রফেসর ড. মো. মুহিব উল্লাহ ছিদ্দিকী এবং চবি ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের সভাপতি মোহাম্মদ মীর সাইফুদ্দীন খালেদ চৌধুরী। প্রাক্তন ছাত্র-ছাত্রী সমিতির সভাপতি আলহাজ্ব মুহাম্মদ শওকত আলী নূরের সভাপতিত্বে ও প্রস্তুতি কমিটির সদস্য সচিব আহমদ ইমরানুল আজিজের সঞ্চালনায় এতে স্বাগত বক্তব্য রাখেন প্রস্তুতি কমিটির আহ্বায়ক মোহাম্মদ শাহ আলম।

এতে আরো বক্তব্য রাখেন সমিতির প্রাক্তন সভাপতি এস এম হুমায়ুন কবির চৌধুরী কাঞ্চন, প্রাক্তন সাধারণ সম্পাদক ও চট্টগ্রাম জেলা আইনজীবী সমিতির সহ-সভাপতি অ্যাডভোকেট মো. আজিজ উদ্দিন হায়দার, প্রাক্তন ভারপ্রাপ্ত সভাপতি শেখ লুৎফর রহমান, সমিতির সহ-সভাপতি ও বাকলিয়া সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর জসিম উদ্দিন খান, বিভাগের সহযোগী অধ্যাপক ও সমিতির সহ-সভাপতি ড. মো. মোরশেদুল আলম, মরহুম ড. খানের কন্যা ডা. মালেকা আফরোজ, সমিতির সহ-সভাপতি অ্যাডভোকেট মোতাছাম বিল্লাহ, অর্থ সম্পাদক মিজানুর রহমান সেলিম, জীবন সদস্য উপাধ্যক্ষ মোহাম্মদ আলী ও এ কে এম নূর হোসাইন এবং চট্টগ্রাম ইতিহাস চর্চা কেন্দ্রের সভাপতি সোহেল মো. ফখরুদ-দীন, প্রজন্ম চট্টগ্রামের প্রধান নির্বাহী

চৌধুরী জসিমুল হক।

আরো উপস্থিত ছিলেন প্রাক্তন ছাত্র-ছাত্রী সমিতির প্রাক্তন সভাপতি অ্যাডভোকেট মফিজুল হক ভূঁইয়া ও প্রাক্তন সাধারণ সম্পাদক অধ্যক্ষ আবু তালেব বেলাল প্রমুখ। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. শিরীণ আখতার বলেন, ড. মুঈন উদ-দীন আহমদ খান ছিলেন উঁচু মাপের ইতিহাসবিদ, দার্শনিক, ধর্মতত্ত্ববিদ ও গবেষক। তাঁর খ্যাতি শুধু দেশে নয়, বিদেশেও সমাদৃত। তিনি জ্ঞানে, গুণে, পাণ্ডিত্যে ও গবেষণায় অসাধারণ ব্যক্তিত্ব। তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে প্রফেসর ড. মুঈন উদ-দীন আহমদ খানকে নিয়ে গবেষণার দ্বার উন্মুক্ত করার আহ্বান জানান। সাউদার্ন ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলর প্রফেসর ইঞ্জিনিয়ার মো. মোজাম্মেল হক বলেন, একজন পণ্ডিত ও গুণি মানুষ হিসেবে তিনি যেমন প্রসিদ্ধ একজন নীতিবান ও মানবিক ব্যক্তিত্ব হিসেবেও তিনি খ্যাতিসম্পন্ন। দেশ-বিদেশের

বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা করে ও শিক্ষা প্রশাসক হিসেবে দায়িত্ব পালন করে যে কৃতিত্ব দেখান তা ড. খানকে চিরস্মরণীয় করে রাখবে। বিশেষ অতিথি কলা ও মানববিদ্যা অনুষদের প্রাক্তন ডিন প্রফেসর ড. মো. সেকান্দর চৌধুরী বলেন, আমাদের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সাথে ড. খানের সম্পর্ক ছিল ইতিহাসের অপ্রকাশিত অধ্যায়। বঙ্গবন্ধুর সাথে ড. খানের সম্পর্কের বিভিন্ন দিক বর্ণনা দিয়ে তিনি বলেন, বাঙালি জাতির মুক্তিসংগ্রামের ঐতিহাসিক দিনগুলোতে বিশেষ করে ষাটের দশকে পাকিস্তানে অধ্যাপনারত ড. খানের সাথে বঙ্গবন্ধুর শতাধিক পত্র যোগাযোগ ছিল। আজকের স্মরণ সভা ও দোয়া মাহফিলে ড. খানসহ মৃত্যুবরণকারী সমিতির জীবন সদস্য, বিভাগের প্রাক্তন শিক্ষার্থী ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় পরিবারের সবার জন্য শোক প্রস্তাব গ্রহণ করা হয় এবং শেষে দোয়া ও মোনাজাত পরিচালনা করেন সমিতির সাধারণ সম্পাদক হাফেজ সালামত উল্লাহ। 'প্রফেসর ড. মুঈন উদ-দীন আহমদ খানের জীবন ও কর্ম' শীর্ষক সমিতি কর্তৃক প্রকাশিত স্মারক পাঠ করেন সমিতির যুগ্ম সম্পাদক মোহাম্মদ ইকবাল হোসেন। এ স্মরণ সভায় সমিতির জীবন সদস্য, বিভাগের প্রাক্তন শিক্ষার্থী ও সুধীমণ্ডলী উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি